68

দৈনিক জনকণ্ঠ

তারিখ … FEB. 2 … 1999 … …
পৃষ্ঠা ৬ কলাম ৭ ……

# ব্যতিক্রমী এক পদযাত্রায় শিশু-কিশোরদের কোমল কণ্ঠে উচ্চারিত হলো স্লোগান— 'বই পড়ব দেশ গড়ব'

হাসান হাফিজ

বই দিবস

'বিয়ে কিংবা জন্মদিন, প্রিয়জনকে বইদিন', 'বই পড়ব দেশ গড়ব' স্লোগান দিতে দিতে পদযাত্রাটি শুরু হলো। কেন্দ্রীয় শহীদ মিনার থেকে যাত্রা শুরু, গন্তব্য জাতীয় প্রেসক্লাব। শিশু-কিশোরদের কোমল কণ্ঠে উচ্চারিত হলো এসব স্লোগান। মহান ভাষা আন্দোলনের স্মৃতি জড়ানো মাস ফেব্রুয়ারির সূচনা দিনে সোমবার এই পদযাত্রার আয়োজন করেছিল বাংলাদেশ বুক ক্লাব। পয়লা ফেব্রুয়ারি তারা উদযাপন করেছে 'বই দিবস' হিসাবে।

মাঘের শীত সকালে কেন্দ্রীয় শহীদ মিনারে পদযাত্রা শুরুর আগে আয়োজন করা হয়েছিল সংক্ষিপ্ত এক আলোচনা অনুষ্ঠানের। কথা ছিল 'বই দিবস'-এর অনুষ্ঠানমালা উদ্বোধন করবেন পানি সম্পদমন্ত্রী আবদুর রাজ্জাক। কিন্তু অন্যবিধ ব্যস্ততার কারণে তিনি আসতে পারেননি সমাবেশে। বই দিবসের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশিষ্ট সমাজসেবী শাহানারা আবদুল্লাহ।

'শহীদ স্মৃতি অমর হোক' লেখা ফেস্টুন ও রঙিন বেলুন উড়িয়ে সূচনা করা হয় দিবসের কার্যক্রমের। আলোচনা অনুষ্ঠানে বাংলাদেশ বুক ক্লাবের উদ্যোগে অনুষ্ঠিত বাংলা গদ্য পাঠ প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়।

পুরস্কার অতি অবশ্যই-বই। প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছিল গত ২৮ জানুয়ারি, ধানমণ্ডির কাকলি স্কুলে। দু'টি গ্রুপে হয়েছে প্রতিযোগিতা। ক বিভাগের বিষয় ছিল 'বাংলা আমার মায়ের ভাষা' এবং খ গ্রুপে 'প্রিয় বর্ণমালা'।

আলোচনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ বুক ক্লাবের সভাপতি শেখ আকরাম আলী।

বক্তৃতা করেন বাংলাদেশ শিশু একাডেমীর পরিচালক গোলাম কিবরিয়া, বই দিবস উদযাপন উপ-কমিটির আহ্বায়ক মাইনুল হাসান সোহেল, সমাজসেবা বিভাগের উপ-পরিচালক জসীমউদ্দিন ভূঁইয়া এবং বুক ক্লাবের মহাসচিব মশিউর রহমান।

বই বিষয়ক পদযাত্রায় অংশ নিয়েছিল সেগুনবাগিচা উচ্চ বিদ্যালয়, সাথী নাট্যগোষ্ঠী, আজাদ মুসলিম মহিলা পরিষদ, ডরপ, ফাতেমা প্রি-ক্যাডেট স্কুল, কাকলী স্কুল, মানব সাহায্য সংস্থার কর্মী এবং শিশু-কিশোররা। উদ্বোধনী বক্তৃতায় শাহানারা আবদুল্লাহ বলেন, বই মানুষকে ঘুম থেকে জাগায়। বই মানুষকে তুলে নিয়ে আসে অতীত থেকে বর্তমানে। পুস্তক প্রকাশনার ক্ষেত্রে নীতিমালা প্রণয়ন ও তা বাস্তবায়ন করা প্রয়োজন। সংগঠন সভাপতি শেখ আকরাম আলী বলেন, সীমিত পর্যায়ে এখন যে কার্যক্রম চলছে, একদিন তা বিশাল হবে। বুক ক্লাব তিন বছর ধরে যে বই দিবস উদযাপন করে আসছে আগামীতে সেটা জাতীয় পর্যায়ে স্বীকৃতি পাবে।

## পথ নাটক প্রতিদিন

মহান ভাষা আন্দোলনের বীর শহীদদের স্মরণে বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশন আয়োজিত দ্বাদশ জাতীয় পথ নাট্যোৎসব শুরু হয়েছে সোমবার।

কেন্দ্রীয় শহীদ মিনারে এর উদ্বোধন করেন বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী।

সভাপতিত্ব করেন ফেডারেশনের চেয়ারম্যান নাসিরউদ্দিন ইউসুফ। বক্তৃতা করেন মান্নান হীরা, আতাউর রহমান, মামুনুর রশীদ ও রামেন্দু মজুমদার। উৎসব ঘোষণা পাঠ করেন খায়রুল আলম সবুজ। আলোচকরা দেশ বরেণ্য কবি শামসুর রাহমানের ওপর স্বাধীনতা বিরোধী মৌলবাদী শক্তির হামলার তীব্র নিন্দা করেন এবং হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন।

উদ্বোধনী দিনে পথ নাটক পরিবেশন করেছে সুবচন নাট্য সংসদ, বাংলাদেশ আর্ট থিয়েটার ও মুন্সীগঞ্জ থিয়েটার।




সোমবার বই দিবসে বাংলাদেশ বুক ক্লাবের সদস্যদের পদযাত্রা —জনকণ্ঠ